



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Phone: 031-61332, Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১২ মে ২০০৯

প্রেস বিজ্ঞপ্তি

## রাঙামাটির বাদলছড়িতে নিরীহ দুই যুবককে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর কেন্দ্রীয় দপ্তর থেকে দেয়া আজ ১২ মে, ২০০৯ মঙ্গলবার, এক বিবৃতিতে রাঙামাটির অদূরে বাদলছড়ি নামক এলাকায় ১০মে'র গভীর রাতে সেনাবাহিনীর গুলিতে দুই পাহাড়ি যুবক নিহত হওয়ার ঘটনায় নিন্দা জানানো হয়েছে। একই ঘটনায় গ্রেফতারকৃত অপর দুই যুবককে অবিলম্বে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি করা হয়েছে।

বিবৃতিতে উক্ত ঘটনা সম্পর্কে সেনাবাহিনীর বরাত দিয়ে কতিপয় জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরকে অসত্য ও বিকৃতভাবে উপস্থাপিত আখ্যায়িত করে বলা হয়, ইউপিডিএফ-কে হয়ে প্রতিপন্ন করতেই সুপরিষ্কলিতভাবে “সেনাবাহিনীর সাথে গোলাগুলিতে” ঐ নিরীহ যুবকদের হত্যা করা হয়েছে।

বিবৃতিতে বলা হয়, কিছু দিন আগেও পদোন্নতির জন্য মরিয়া কতিপয় উচ্চাভিলাষী সেনা অফিসার বহু ইউপিডিএফ ও নিরীহ যুবককে গ্রেফতারের পর হাতে অস্ত্র গুঁজে দিয়ে ‘সন্ত্রাসী’ আখ্যায়িত করে জেল হাজতে পাঠিয়েছে। গ্রেফতারকৃত এসব অসহায় পাহাড়িরা এখনো কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে দিন কাটাচ্ছে।

নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসা বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে সংঘটিত এ ধরনের ঘটনাকে দুঃখজনক আখ্যায়িত করে বিবৃতিতে আরো বলা হয়, ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল এবং দলের গঠনতন্ত্রে সুস্পষ্টভাবে বলা হয়েছে যে, ইউপিডিএফ শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পন্থায় জনগণের অধিকার আদায়ের সংগ্রাম চালাবে।

বার্তা প্রেরক

**থুইক্যুটিং মারমা**

কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ